In pursuance of the said Order and as directed therein, in compliance with the applicable provisions of the Act and by following the operating procedures (with requisite modifications as may be required) referred to in General Circulars No. 14/2020 dated April 08, 2020; No. 20/2020 dated May 05, 2020 and all subsequent circulars in this regard, the latest being No. 03/2025 dated 22nd September, 2025 issued by the Ministry of Corporate Affairs, Government of India (collectively referred to as the "MCA Circulars"), further Notice is hereby given for the following Meetings:

| Sr. No. | Meetings of | Day and Date of Meeting | Time (IST) | Mode |
|---|---|---|---|---|
| 1. | Equity Shareholders | Saturday 1st November 2025 | 4:30 PM | Through Video Conferencing **("VC")** / Other Audio Visual Means **("OAVM")** |
| 2. | Unsecured Creditors | | 5:00 PM | |

The Company has sent the Notices and the Explanatory Statement under Sections 230, 232 and 102 of the Act including Scheme for the aforesaid Meetings through the modes as prescribed in the Order. The above Notices, the Scheme, and the Explanatory Statement are also available at the Company's Registered Office. Further, a letter containing, inter alia, the day, date, time, and other details for joining the Meetings through VC/OAVM, along with the weblink (including the exact path) where complete details of the Notices and Explanatory Statement can be accessed, has been sent to those, whose email addresses are not available with the Company. The said letter also contains a QR code enabling them to directly access the complete Notice of the Meeting and Explanatory Statement. Shareholders and Creditors may also request for a copy by sending request to Company via email at cs.horizon@jkmail.com or obtain physical copy free of charge at the Registered Office on working days (except Saturday, Sunday and Public holidays) between 2:00 PM and 4:00 PM, up to one day prior to the date of the aforesaid Meetings.

**FURTHER NOTICE** is hereby given that:

1. The following are the cut–off dates and remote e-voting date and time for the purpose of Meetings of Equity Shareholders and Unsecured Creditors:

| **Meetings of Equity Shareholders and Unsecured Creditors** | |
|---|---|
| Cut-off date for determining Equity Shareholders and Unsecured Creditors entitled to receive the Notice | 30th June 2025 |
| Cut-off date for determining Equity Shareholders entitled to vote at the Meeting | 25th October 2025 |
| Cut-off date for determining Unsecured Creditors entitled to vote at the Meeting | 30th June 2025 |
| Remote e-voting start date and time | 29th October 2025 10:00 AM |
| Remote e-voting end date and time | 31st October 2025 5.00 PM |

The voting rights shall be in proportion to shareholding (for Equity Shareholders as on 25th October 2025) and outstanding debt (for Unsecured Creditors as on 30th June 2025). Non-shareholders as on the cut-off date i.e. 25th October 2025 will not be entitled to attend and vote and may treat the Notice for information only.

The Equity Shareholders and Unsecured Creditors may exercise their vote through only one mode of e-voting, i.e., either by remote e-voting or by e-voting at the VC/OAVM Meeting. If they opt for remote e-voting, they may attend the VC/OAVM Meeting but shall not be entitled to vote at the Meeting. In the event they cast their votes through both modes, the vote cast through remote e-voting shall be considered valid and will prevail, and the vote cast at the VC/OAVM Meeting shall be treated as invalid.

2. Since the aforesaid Meetings are being held through VC/OAVM, in line with the applicable MCA Circulars, the facility for appointment of proxies to attend and vote at the Meetings will not be available. However, corporate shareholders and creditors may authorize their representatives to attend and vote electronically, as per Sections 112 and 113 of the Act and MCA Circulars. For further details, please refer to the "Notes for Meeting of Equity Shareholders/Unsecured Creditors" as provided in the Notice of the respective Meetings.
3. The NCLT has appointed Shri Harnam Singh Thakur, Ex Member NCLT, to be the Chairman and Shri Ansh Kakar, Advocate, to be the Scrutinizer of the aforesaid Meetings, to scrutinize the voting process in a fair and transparent manner. The above mentioned Scheme, if approved by the aforesaid Meetings, will be subject to the subsequent approval to the Tribunal. Results of the votes cast with respect to aforesaid Meetings, along with the Scrutinizer's Report, shall be declared within 2 (two) working days of the conclusion of the aforesaid Meetings and shall be displayed at Notice Board at Registered office of the Company and shall also be published on the CDSL website viz. www.evotingindia.com.

All queries or issues regarding attending Meeting and e-voting from CDSL e-voting system, you can contact the Company at cs.horizon@jkmail.com and CDSL at helpdesk.evoting@cdslindia.com, or call toll-free 1800 22 55 33.

**Sd/-**
**Harnam Singh Thakur**
**Chairman appointed for the Meetings**

**Dated this 29th September, 2025**

শহরের খবর



# পুজো মিটতেই তৃণমূল, বিজেপির যুদ্ধক্ষেত্র তৈরি

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** পুজো মিটতেই রাজ্য বিজেপি ও তৃণমূল কংগ্রেস ২০২৬ বিধানসভা ভোটের দিকে তাকিয়ে রাজনৈতিক কর্মসূচিতে নেমে পড়ল। বিজয়ার পরদিন একাদশীর দিন থেকেই ভোট প্রস্তুতিতে নামল ২দল। একদিকে, শুক্রবার শহরে এসে পৌঁছোল বিজেপি-র নির্বাচক পর্যবেক্ষক তথা কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব ও সহ-পর্যবেক্ষক তথা ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব। এদিন বৈঠক করেন রাজ্য বিজেপি-র শীর্ষ নেতৃত্বের সঙ্গে। অন্যদিকে, কোমর বেঁধে নেমে পড়ে তৃণমূল কংগ্রেসও। তাদের উদ্যোগে শুরু হচ্ছে পাড়ায় পাড়ায় বিজয়া সম্মিলনী। প্রসঙ্গত, পশ্চিমবঙ্গে বিজেপির হয়ে নির্বাচনের কাজ দেখভালের জন্য 'ইনচার্জ' নিয়োগ করেছে কেন্দ্রীয় বিজেপি নেতৃত্ব। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী ভূপেন্দ্র যাদবকে নির্বাচনী পর্যবেক্ষক ও ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব দেবকে সহ-পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে। দু'জনেই শুক্রবার কলকাতা বিমানবন্দরে অবতরণ করে। এরপর বিজেপির শীর্ষ নেতৃত্বের সঙ্গে বৈঠক রয়েছে তাদের। মনে করা হচ্ছে, সাংগঠনিক শক্তি বাড়ানোর রূপরেখা তৈরি করে দেওয়ার জন্যই এসেছেন ভূপেন্দ্র ও বিপ্লব। কেন্দ্রের বিজেপি নেতৃত্বও যে এবার ভোটের আগে ঝাঁপিয়ে পড়তে চলেছে, তা স্পষ্ট বোঝা যাচ্ছে একাদশীতে ২ পর্যবেক্ষকের কলকাতা সফর দেখে। দুর্গাপুজোর উদ্বোধনে এসেছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শাহ এরমধ্যেই ২০২৬ সালের রোডম্যাপ ছকে ফেলেছে। ফলে কোনোরকম খামতি রাখতে চাইছে না গেরুয়া শিবির। রাজ্যে ভোটের আগে কোনো সর্বভারতীয়স্তরের নেতাকে পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত করা নতুন কোনো বিষয় নয়। অবশ্য ২০২১ সালে আনুষ্ঠানিকভাবে ওই দায়িত্ব কাউকে দেওয়া হয়নি। তখন 'সাংগঠনিক পর্যবেক্ষক' হিসাবে এ রাজ্যে কাজ করছিলেন শিবপ্রকাশ। 'রাজনৈতিক পর্যবেক্ষক' ছিল কৈলাস বিজয়বর্গীয়। নির্বাচন ব্যবস্থাপনায় তাদের সাহায্য করার জন্য ভূপেন্দ্রকেই সে বারেও পাঠিয়েছিল কেন্দ্রীয় নেতৃত্ব। রাজ্যে নির্বাচনী অভিযান দেখভালের জন্য যথেষ্ট সময় দিয়েছিলেন, তবে এবার তার দায়িত্ব আরো বেশি। এদিকে, তৃণমূল কংগ্রেসও চুপ করে বসে থাকছে না। এরমধ্যেই তৃণমূল কংগ্রেসের সেকেন্ড-ইন-কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বেশ কিছু ডাকাবুকো বক্তাকে বেছে নেওয়া হয়েছে বলে দলীয় সূত্রে খবর। পাড়ায় পাড়ায় বিজয়া সম্মিলনী আয়োজন করা হচ্ছে। সেখানে বক্তব্য রাখবে তারা।

# দর্শনার্থীদের অভয় দিতে অষ্টমীর রাতে বাইকে দাপিয়ে বেড়ালেন পুলিশ সুপার



**সুমনকুমার দাস, খড়্গপুর:** কথা মতোই বাইকে চেপে মেদিনীপুর-খড়্গাপুরে রাস্তায় নেমে মানুষকে অভয় দিলেন জেলা পুলিশ সুপার ধৃতিমান সরকার। মঙ্গলবার, অষ্টমীর রাতে উৎসবের ভিড়ের মাঝেই মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ সুপার নিজেই বাইক চালিয়ে পথে নামেন। বুলেট চালিয়ে কোমরের পেছনে পিস্তল গুঁজে ঘুরে বেড়ালেন মেদিনীপুর ও খড়্গাপুরের রাস্তায়। মেদিনীপুরের বেশ কয়েকটি পুজো মণ্ডপ ঘুরে তিনি বাহিনী নিয়ে খড়্গাপুরে পৌঁছোন। তাঁর সঙ্গে ছিলেন জেলার অতিরিক্ত পুলিশ সুপার পিনাকী দত্ত, সন্দীপ সেন সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। পুলিশ সুপার বলেন, 'জেলা জুড়ে পুলিশের ১৭টি বাহিনীর প্রায় ১০০ সদস্য নজরদারি করছেন। আমি নিজেও রাস্তায় নেমেছি। যাতে আমার মা, বোন, দিদিদের পুজো ঘুরতে বেরিয়ে কোনো অসুবিধা না হয়। নিশ্চিন্তে ঠাকুর দেখুন।' পুলিশ সুপার গতবছরও বাইক নিয়ে নিরাপত্তা নিশ্চিত করতে রাস্তায় নেমেছিলেন। পশ্চিম মেদিনীপুর জেলায় দুর্গাপুজোর দিনগুলোতে নিরাপত্তাজনিত কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। জেলাবাসীরা নিশ্চিন্তে ঠাকুর দেখেছেন। দুর্গাপুজোকে ঘিরে প্রতিবছরই পশ্চিম মেদিনীপুর জেলা জনস্রোতের চেহারা নেয়। পুজোর দিনগুলোতে ভিড় নিয়ন্ত্রণ থেকে শুরু করে নিরাপত্তার প্রতিটি দিকেই বাড়তি ব্যবস্থা নেওয়া হয়। জেলা পুলিশের এই অভিনব উদ্যোগ নিঃসন্দেহে জেলাবাসীদের মনে আস্থা বাড়িয়েছে।

# বালিগঞ্জে অস্বাভাবিক মৃত্যুতে খুনের অভিযোগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** বালিগঞ্জ থানা এলাকার পদ্মপুকুর রোড এলাকায় বিকি মল্লিকের (৩০) অস্বাভাবিক মৃত্যু হয়। মৃতের এক দিদি মৃতের স্ত্রী ও তাঁর পুরুষ বন্ধুর বিরুদ্ধে খুনের অভিযোগ জানান বালিগঞ্জ থানায়। জানা গেছে, বৃহস্পতিবার দশমীর রাতে পদ্মপুকুর এলাকায় বাড়ি থেকে বিকিকে অচৈতন্য অবস্থায় উদ্ধার করা হয়। এরপর এসএসকেএম হাসপাতালে নিয়ে গেলে তাঁকে ডাক্তাররা মৃত বলে জানান। বিকি পেশায় ডেলিভারি কর্মী ছিলেন। বিকির দিদি ঝুম্পা গোস্বামীর অভিযোগ, 'বিকির স্ত্রী প্রিয়াঙ্কা মল্লিকের বিবাহ বহির্ভূত সম্পর্ক রয়েছে। এনিয়ে ওদের মধ্যে প্রায়ই ঝামেলা হত। ওই সম্পর্কে যাতে বাধা দিতে না পারে সেজন্য বিকিকে বেশিরভাগ সময় মদ্যপান করিয়ে রাখা হত। বৃহস্পতিবার নিশ্চয় ভাই ২জনকে ঘনিষ্ঠ অবস্থায় দেখে ফেলেছিল। কাউকে যাতে বলতে না পারে, সেজন্য গলায় ফাঁস লাগিয়ে খুন করা হয়েছে। গলায় ফাঁসের স্পষ্ট দাগ দেখা গেছে। আর আমার ভাইয়ের বউ বলছে, বিকি আত্মহত্যা করেছে। আত্মহত্যা করলে তো কোথাও গলায় দড়ি লাগিয়ে ঝুলতে হত। সেরকম কিছু পাওয়া যায়নি। আমাদের সন্দেহ, ভাইয়ের স্ত্রী ও তাঁর প্রেমিক মিলে ওকে খুন করেছে।' পুলিশ তদন্ত শুরু করেছে। পুলিশ জানায়, ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পরই মৃত্যুর কারণ জানা যাবে। তবে এই ঘটনায় এখনো অবধি কাউকে গ্রেফতার করা হয়নি।

# বিদ্যুতের ছোবলে কিশোরের মৃত্যু

**প্রদীপ কুমার সিংহ, বারুইপুর :** শুক্রবার ভোররাতে বিদ্যুৎ লেগে মৃত্যু হল এক কিশোরের। ঘটনাটি দক্ষিণ ২৪ পরগনা জেলার বারুইপুর থানা অন্তর্গত বারুইপুর মদারাট গ্রাম পঞ্চায়েতের কোপিন্দপুর এলাকার। মৃত কিশোরের নাম বাচ্চু মণ্ডল (১৭)। বাচ্চু মণ্ডলের বাড়ি কুলতলী থানার অন্তর্গত নলগোড়া এলাকায়। স্থানীয় সূত্রের খবর, বাচ্চু এক বছর আগে কোবিন্দপুর এলাকায় একটি মিষ্টির দোকানে কাজে লাগে। সে ওই মিষ্টি দোকানে কাজ করত আর দোকানের মালিক গোপাল হালদারের বাড়িতেই থাকত। বৃহস্পতিবার গভীর রাতে বাচ্চু কানে হেডফোন ও মোবাইল নিয়ে দোতলা বাড়ির ছাদে ঘুরছিল। হঠাৎ সে ছাদের তলায় পড়ে যায়। তার শরীর ইলেকট্রিকের তারের সংস্পর্শে চলে আসে। স্থানীয় বাসিন্দারা তাড়াতাড়ি বাচ্চুকে অচৈতন্য অবস্থায় বারুইপুর মহাকুমা হাসপাতালে নিয়ে আসে। ডাক্তাররা তাকে দেখে মৃত বলে জানিয়ে দেন। বারুইপুর থানায় খবর গেলে পুলিশ ওই কিশোরের নিথর দেহটি ময়না তদন্তের জন্য পাঠিয়ে দেয়। পুলিশ এই অস্বাভাবিক মৃত্যুর ব্যাপারে তদন্ত শুরু করেছে।

# বারুইপুরে গলার নলি কাটা যুবকের দেহ উদ্ধার

**প্রদীপ কুমার সিংহ, বারুইপুর :** বারুইপুর থানার বারুইপুর পূর্ব বিধানসভার বেগমপুর গ্রাম পঞ্চায়েতের ৬০ কলোনি কাঠের ব্রিজের কাছে শুক্রবার সকালে গলাকাটা এক যুবকের দেহ উদ্ধার হয়। ওইদিন সকালে ১ এলাকাবাসী মাঠে জাল আনতে যাচ্ছিলেন। তখনই তিনি রাস্তায় গলার নলিকাটা অবস্থায় এক যুবককে পড়ে থাকতে দেখেন! তাঁর দেহের পাশে ছড়িয়ে ছিটিয়ে ছিল জল ও মদের বোতল। সঙ্গে সঙ্গে এলাকার অন্য লোকদের খবর দিলে তারা ছুটে আসে ঘটনাস্থলে। খবর দেওয়া হয় বারুইপুর থানায়। বারুইপুর থানার পুলিশ তড়িঘড়ি ঘটনাস্থলে হাজির হয়। দেহটিকে তুলে নিয়ে যাওয়া হয় বারুইপুর মহকুমা হাসপাতালে। ওই যুবকের নাম বা পরিচয় এখনো কিছু জানা যায়নি। এলাকার বাসিন্দারা কেউ চেনেন না। গ্রামবাসীরা বলেন, 'এই রাস্তায় সন্ধে হলেই মদের আসর বসে। বাড়ির মহিলারা ওই রাস্তা দিয়ে সন্ধ্যার পরে যেতে পারেন না। প্রায় সময় ওখানে মদের আসর বসে। এলাকার মানুষ প্রতিবাদ করতে গেলে তাঁদের ভয় দেখানো হয়। কয়েকবার বারুইপুর থানার পক্ষ থেকে ওই এলাকায় টহল দিয়ে দুয়েকজনকে গ্রেফতারও করা হয়। তারপর থেকে কিছুদিন ওই এলাকায় মদের আসর বা অসামাজিক কাজকর্ম বন্ধ থাকে। কিন্তু আবার শুরু হয়ে যায়। অন্য জায়গা থেকে লোক এসে সেখানে মদের আসর বসাত বলে এলাকার বাসিন্দারা জানান। এলাকার বাসিন্দারা দাবি জানিয়েছেন, 'ওই রাস্তায় আলোর ব্যবস্থা করা হোক। যারা খুন করেছে তাদের যত তাড়াতাড়ি সম্ভব গ্রেফতার করা হোক।' পুলিশ এ ব্যাপারে মামলা রুজু করে তদন্তে নেমেছে।

# গঙ্গা দূষণ রোধে দুর্গাপুজোর বিসর্জনে অভিনব ব্যবস্থা নিল হাওড়া পুরনিগম

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** গঙ্গা দূষণ রোধে এবার দুর্গাপুজোর বিসর্জনে অভিনব ব্যবস্থা নিয়েছে হাওড়া পুরনিগম। লোহার ট্র্যাকের ওপর ট্রলি বসিয়ে হাওড়ার রামকৃষ্ণপুর ঘাটে বিসর্জনের ব্যবস্থা করা হয়েছে। রাস্তা থেকে সরাসরি গঙ্গায় প্রতিমা বিসর্জন করা হচ্ছে। বিসর্জনের পর গঙ্গা থেকে প্রতিমা তোলার ব্যবস্থা করা হয়েছে। দুর্গাপুজোর বিসর্জনে এই ধরনের ব্যবস্থা হাওড়ায় প্রথম নেওয়া হল বলে দাবি হাওড়া পুর কর্তৃপক্ষের। এনিয়ে হাওড়া পুরনিগমের নিকাশি বিভাগের বিশেষ দায়িত্বপ্রাপ্ত উত্তর হাওড়ার বিধায়ক গৌতম চৌধুরী বলেন, 'আমরা কোনোমতেই গঙ্গা দূষণ হতে দেব না। হাওড়ার রামকৃষ্ণপুর গঙ্গার ঘাটে প্রতি বছর প্রায় ২ হাজারের বেশি দুর্গা ঠাকুর বিসর্জন করা হয়। এবার ভাসানের জন্য উইঞ্চ মেশিন আনা হয়েছে। এটা রেললাইনের ট্র্যাক দিয়ে তৈরি। এটাকে সোজা গঙ্গায় ফেলা হয়েছে। মাকে বিসর্জন দেওয়ার পর প্রতিমার মাটি গলে গেলে সেই মাটি তুলে নেওয়া হবে। এরসঙ্গে বিসর্জনের পর সব কাঠামো গঙ্গা থেকে আমরা এর সাহায্যে তুলে নেব।' গঙ্গা দূষণ রোধে কেন্দ্রীয় সরকারের ব্যবস্থার ব্যাপারে কড়া সমালোচনা করেন তিনি। তাঁর কথায়, 'কেন্দ্রীয় সরকার গঙ্গা দূষণ রোধের কথা বললেও তাঁদের কোনো পরিকল্পনা নেই। এটা মুখ্যমন্ত্রীর পরিকল্পনা। তাঁরই নির্দেশে হাওড়ার সবচেয়ে বড়ো ঘাট রামকৃষ্ণপুর ঘাটে এই ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা নেওয়ার জন্য কোনো গঙ্গা দূষণ হবে না। বেশ কয়েক বছর হয়ে গেছে গঙ্গায় পলি পড়ে যাচ্ছে ড্রেসিং হয় না। কিন্তু এখন পশ্চিমবঙ্গ সরকার গঙ্গাকে দূষণমুক্ত করার চেষ্টা করছে।' বিসর্জনের ব্যাপারে পুরনিগমের উপ মুখ্য প্রশাসক সৈকত চৌধুরী বলেন, 'বিজয়া দশমী উপলক্ষে আমরা সব ঘাট পরিদর্শন করলাম। পুরনিগম এলাকার ১৮টি ঘাটে প্রতিমা বিসর্জন হয়। এরজন্য হাওড়া পুরনিগম ও হাওড়া সিটি পুলিশ সবসময় পুজো কমিটির সঙ্গে সহযোগিতা করে। শুধু তাই নয়, এখানে যাতে গঙ্গা দূষণ না হয় সেই কারণে অত্যন্ত যত্ন সহকারে হাওড়া পুরনিগমের কর্মীরা সব ঘাটকে পরিষ্কার রাখে। এর পাশাপাশি কাঠামো পড়ার সঙ্গে সঙ্গে যাতে কোনোভাবে গঙ্গা দূষণ না হয় সেই কারণে সব কাঠামো তুলে যথাস্থানে তা নিয়ে যাওয়া হচ্ছে। এইসব কাজ যাতে সুষ্ঠুভাবে সুসম্পন্ন হয় তার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে দেখভাল করা হচ্ছে।'

# আজ বারাসাতে পুজো কার্নিভাল

**সুমন তালুকদার, বারাসাত :** শনিবার বিকেলে উত্তর ২৪ পরগনা জেলায় দুর্গাপুজোর কার্নিভাল হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় ও জেলা প্রশাসনের উদ্যোগে বারাসাত, বসিরহাট, বারাকপুর ও বনগাঁ মহকুমায় জুড়ে আলাদাভাবে ৪টি কার্নিভাল হবে। তার শেষ মুহূর্তের প্রস্তুতি চলছে জোর কদমে। জেলা তথ্য সংস্কৃতি আধিকারিক পল্লব পাল জানান, 'শনিবার বিকেল ৪টে থেকে জেলার ৪টি মহকুমায় ৪টি দুর্গাপুজো কার্নিভাল হবে। শুধুমাত্র বসিরহাটে অনুষ্ঠান শুরু হবে দুপুর আড়াইটে থেকে। বারাসাতের চাঁপাডালি মোড়ে কার্নিভালে ১৩টি পুজো কমিটি তাঁদের প্রতিমা ও সাংস্কৃতিক অনুষ্ঠান নিয়ে থাকবেন। তেমনি বনগাঁর ত্রিকোণ পার্কে ১১টি, বসিরহাটের রেজিস্ট্রি অফিস মোড়ে ১৪টি ও বারাকপুরে চিড়িয়া মোড়ে ১৩টি পুজো কমিটি কার্নিভালে অংশ নেবেন।' পুলিশ প্রশাসন সূত্রে জানা গেছে, কার্নিভালের কারণে কয়েক ঘণ্টার জন্য কিছু গুরুত্বপূর্ণ রাস্তা বন্ধ থাকবে। তবে ট্রাফিক ব্যবস্থা সচল রাখতে বিকল্প পথের ব্যবস্থা করা হবে। যাতে পথচলতি মানুষদের কোনো সমস্যা না হয়।

# সারা দেশের মধ্যে মেট্রো পথদুর্ঘটনা সবচেয়ে কম কলকাতায়, দাবি পুলিশের

**জামিতুল ইসলাম, কলকাতা :** সারা দেশের শহরতলির মধ্যে মেট্রো পথদুর্ঘটনায় মৃত্যু ও জখমের সংখ্যায় সবচেয়ে কম কলকাতায়। কলকাতায় মেট্রো দুর্ঘটনায় নিরাপদ। কলকাতা পুলিশের তরফে একটি প্রকাশিত রিপোর্টে এমনটাই দাবি করছে। পরিসংখ্যান বলছে, ২০২৪ সালে কলকাতায় মোট ১৮৮টি পথদুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ১৯১জন। জখম হয়েছেন আরো ১,৭২৪ জন। অন্যদিকে, দিল্লিতে ১,৫০৪টি পথদুর্ঘটনায় মৃত্যু হয়েছে ১,৫৫১ জনের, জখম হয়েছেন ৪,১৫৩ জন। বেঙ্গলউরুতে ৮৬৯টি দুর্ঘটনায় প্রাণ গেছে ৮৯৪ জনের, জখম হয়েছেন আরো ৩,৯০০ জন। চেন্নাইয়ে ৫৩৪টি দুর্ঘটনায় ৫৪৪ জনের মৃত্যু ও ৩,২৩৩ জন জখম হয়েছেন। মুম্বইয়ে ৩৮৪টি দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৩৭০ জনের, জখম হয়েছেন আরও ২,২৫৬ জন। আর হায়দরাবাদে ২৮৬টি দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৩০১ জন, জখম হয়েছেন আরও ৩,৪৯৯ জন। তবে এই রিপোর্টকে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। বিজেপি অভিযোগ তুলেছে, 'এই তথ্য বিশ্বাসযোগ্য নয়, পরিসংখ্যানে কারচুপি রয়েছে'। শাসক শিবির তৃণমূল কংগ্রেসও পাল্টা সুর ছড়িয়েছে। তাদের বক্তব্য, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগেই এই সাফল্য সম্ভব হয়েছে। তাদের দাবি, পথনিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নের ফলেই দুর্ঘটনার সংখ্যা নিয়ন্ত্রণে আনা গিয়েছে। কলকাতা পুরসভার মেয়রপারিষদ সদস্য ও বিধায়ক দেবাশিস কুমার বলে, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পথনিরাপত্তা এখন সাধারণ মানুষের অভ্যাসে পরিণত হয়েছে। তিনি বলেন, 'সেফ ড্রাইভ, সেভ লাইফ শুধু স্লোগান নয়, বাস্তবে প্রয়োগ করা হচ্ছে। এই রিপোর্ট তার প্রমাণ।' প্রশাসনের মতে, শহরে ট্রাফিক ব্যবস্থার আধুনিকীকরণ, নজরদারির উন্নয়ন ও নিয়মিত সচেতনতামূলক প্রচারই দুর্ঘটনার হার কমাতে বড়ো ভূমিকা নিয়েছে। দুর্ঘটনার ধরন অনুযায়ী রিপোর্টে আলাদা করে মৃত্যু ও জখমদের হিসেব রাখা হয়েছে। সব মিলিয়ে, কলকাতায় পথ নিরাপত্তা নিয়ে এই সাফল্য অন্য মেট্রো শহরগুলির কাছে এক দৃষ্টান্ত স্থাপন করেছে।

# পুকুরে প্রতিমা বিসর্জন, দূষণে মরছে মাছ



**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** পুকুরে প্রতিমা বিসর্জনের জেরে বর্ধমানে একাধিক পুকুরে দূষণ চরমে উঠেছে। শুক্রবার বর্ধমানের তেলিপুকুর এলাকায় একটি পুকুরে একাধিক প্রতিমা বিসর্জনের জেরে পুকুরের মাছ মরতে শুরু করেছে বলে অভিযোগ জানিয়েছেন এলাকাবাসীরা। স্থানীয় বাসিন্দা রত্না পাশোয়ান, নমিতা পুরকাইত ও আরো অনেকে জানিয়েছেন, 'এতদিন পুকুরে কোনো মাছ মরেনি। সম্প্রতি গণেশ পুজো থেকে শুরু হয়েছে এই পুকুরে বিসর্জন। বৃহস্পতিবার আর শুক্রবার মিলিয়ে আরও বেশ কয়েকটি দুর্গা প্রতিমার বিসর্জন হয়েছে ওই পুকুরে। তার পরেই তাঁরা দেখছেন পুকুরে মাছ মরে ভেসে উঠছে। তাঁরা আরো জানান, সারা বছরই তাঁরা এই পুকুরের জল ব্যবহার করেন। কিন্তু প্রতিমা বিসর্জনের পর থেকেই দুর্গন্ধও শুরু হয়েছে। এলাকার ছেলেপিলেরা ছোট ছোট কাঠামোগুলিকে পুকুর থেকে তুলে ফেলে দিতে পারলেও, বড় বড় কাঠামোগুলিকে তুলতে পারছে না। এই অবস্থায় পুকুর দূষিত হয়ে পড়েছে। বাসিন্দারা জানান, 'এই পুকুরে বিসর্জনে আমাদের আপত্তি নেই। বিসর্জনের সঙ্গে সঙ্গে যদি কাঠামোগুলিকে তুলে ফেলা হয়, তাহলে এই সমস্যা থাকে না।' অন্যদিকে, এলাকার কয়েকজন বাসিন্দা জানিয়েছেন, 'এখন অধিকাংশ মূর্তিতেই নানা রাসায়নিক রং ও পদার্থ ব্যবহার করা হয়। এরফলে পুকুর দ্রুত দূষিত হয়ে পড়ছে। এব্যাপারটাও খতিয়ে দেখা দরকার।'

# পুজোর মঞ্চে সাইবার সচেতনতা

**অলক আচার্য, নববারাকপুর :** নব বারাকপুর থানার আইসির আদেশ মতো পুলিশ আধিকারিকেরা মণ্ডপে মণ্ডপে গিয়ে সাইবার সচেতনতার প্রাথমিক শর্তগুলো মানুষের উদ্দেশ্য তুলে ধরেন। শর্তগুলো হল (১) ওটিপি কাউকে শেয়ার না করা। (২) ডিজিটাল অ্যারেস্টের ভয়ে কারোর কথায় নিজের তথ্য বা অর্থ কাউকে দেওয়া যাবে না। (৩) পুলিশ, আর্মি, ডাক্তার, ব্যঙ্ক কর্মী ইত্যাদির পরিচয় দিয়ে কেউ তথ্য জানতে চাইলে তাকে গোপন তথ্য শেয়ার করা যাবে না। (৪) অজানা অ্যাপ অথবা অচেনা লিঙ্ক থেকে দূরে থাকা। (৫) যে কোন সাইবার সহায়তার জন্য ১৯৩০ তে কল করা বা স্থানীয় থানায় যোগাযোগ করা। (৬) মোবাইল টাওয়ার বসানোর প্রলোভন দেখিয়ে কেউ টাকা চাইলে টাকা না দেওয়া। (৭) অনলাইনে লোন না নেওয়া বা ইনভেস্টমেন্ট না করা। (৮) ব্যক্তিগত মুহূর্তের ছবি বা ভিডিও শেয়ার না করা।

# বিধায়ক সোমনাথ শ্যামের তত্ত্বাবধানে শ্যামনগর গঙ্গার ঘাটে রাতভর প্রতিমা বিসর্জন



**প্রতীতি ঘোষ, বারাকপুর :** বিধায়ক সোমনাথ শ্যামের তত্ত্বাবধানে শুক্রবার ভোররাত পর্যন্ত বারাকপুরের গঙ্গার ঘাটে ঘাটে চলে বিসর্জন। দশমীতে বারাকপুর শিল্পাঞ্চলের অন্তর্গত গঙ্গার সব ঘাটে কড়া পুলিশি নিরাপত্তা ছিল। এদিন শ্যামনগর ননাবাবা ঘাটে জগদ্দলের বিধায়ক সোমনাথ শ্যাম সন্ধ্যা থেকেই গঙ্গার ঘাটে নিজে দাঁড়িয়ে থেকে বিসর্জনের সমস্ত তদারকি করেন। শ্যামনগর গঙ্গার ঘাটে সারারাত চলে প্রতিমা বিসর্জন। শ্যামনগর গঙ্গার ঘাটের নিরাপত্তার দায়িত্বে সকাল থেকেই নেমে পড়ে জগদ্দল থানার পুলিশ। বিসর্জন উপলক্ষে প্রতি বছরের মতো এবারও গঙ্গার ঘাটে হাজার হাজার মানুষের ঢল নেমেছিল। ২৮০টি ঠাকুর বিসর্জন হয় এই ঘাটে। গঙ্গার ঘাটে বাঁশের ব্যারিকেড দিয়ে সাধারণ দর্শনার্থীদের গঙ্গায় নামা আটকে দেওয়া হয় পুলিশের পক্ষ থেকে। এদিন ঠাকুর গঙ্গায় ভাসানের পুরো দায়িত্বে ছিল ভাটপাড়া পুরসভার। গঙ্গার ঘাটে ঠাকুর আসার পর পুরসভার নিযুক্ত কর্মীরাই ঠাকুর নিয়ে গিয়ে গঙ্গায় ভাসানের কাজ করছিলেন। গঙ্গা পরিষ্কার রাখার জন্য সঙ্গে সঙ্গে ঠাকুরের কাঠামো গঙ্গা থেকে সরিয়ে দেওয়ার কাজ চলছিল। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে এদিন ঠাকুরের সঙ্গে প্রতি পুজো কমিটির ২-৩ জনকে গঙ্গা পর্যন্ত যাওয়ার অনুমতি দেওয়া হয় প্রশাসনের পক্ষ থেকে। সেইসঙ্গে বড়ো ঠাকুর বিসর্জনের জন্য পুরসভার পক্ষ থেকে আনা হয় বড়ো হাইড্রা। তবে এবার মানুষের নিরাপত্তার স্বার্থে গঙ্গায় মানুষের আসা নিয়ন্ত্রণ করতে অনলাইনে বিসর্জন দেখা ও রাস্তায় রাস্তায় এলইডি স্ক্রিন লাগিয়ে দেওয়া হয়েছিল বলে বিধায়কের দাবি। এদিন বিধায়ক জানান, 'বিসর্জন পর্ব সুষ্ঠুভাবে পালন করতে আমি ও ভাটপাড়া পুরসভার সব কাউন্সিলররা রাতে জেগে গঙ্গার সব ঘাটে হাজির থাকব।' এদিন বিধায়ক সোমনাথ শ্যাম সকলকে বিজয়া দশমীর শুভেচ্ছা জানান ও বলেন, 'সাধারণ মানুষের নিরাপত্তার জন্য বেশ কয়েকটি কড়া পদক্ষেপ নেওয়া হয়েছে। সেসব যাতে মানা হয় তার জন্য আবেদন জানানো হচ্ছে।' এদিন বিসর্জন সেরে ফেরার পথে গঙ্গার ঘাটে সকলের জন্য মিষ্টি মুখের ব্যবস্থা করেছিলেন বিধায়ক।

# দুর্যোগ উপেক্ষা করেই খড়্গপুরে দশেরা উৎসব



**নিজস্ব সংবাদদাতা, খড়্গপুর:** দশমীর সকাল থেকেই আকাশের মুখ ছিল ভার। নবমীর মধ্য রাত থেকেই রেলশহর খড়্গাপুরে দফায় দফায় বৃষ্টি শুরু হয়। বৃহস্পতিবার নিম্নচাপের বৃষ্টি দশেরা উৎসবের আনন্দে কিছুটা ব্যাঘাত ঘটালেও দুপুরের পর থেকে বৃষ্টি বন্ধ হওয়ায় নির্বিঘ্নে রাবণপোড়া অনুষ্ঠান হয়েছে। খড়্গপুরের ঐতিহ্যবাহী দশেরা উৎসব এবছর ১০১ বছর পূরণ করল। বৃহস্পতিবার সন্ধ্যায় ১৮ নম্বর ওয়ার্ডের নিউ সেটেলমেন্ট এলাকার রাবণপোড়া ময়দানে দশেরা উৎসব কমিটির উদ্যোগে রাবণ দহন আয়োজিত হয়। বৃহস্পতিবার ভোর থেকে একটানা বৃষ্টিতে দহনের আগেই ভিজে গিয়েছিল ৫৫ ফুটের সুবিশাল রাবণ। সেই সঙ্গে মাঠও জলমগ্ন ও কর্দমাক্ত হয়ে গিয়েছিল। তবে দুপুরের পর দুর্যোগ কেটে গিয়ে সুষ্ঠুভাবে রাবণ দহন সম্পূর্ণ হয়। রাবণ দহনে ছিল রাম-রাবণের নকল যুদ্ধ, হায়দরাবাদের বাহারি আতসবাজির প্রদর্শনী। এদিন সন্ধ্যায় রিমোট কন্ট্রোলের সাহায্যে জ্বলন্ত তির ছুঁড়ে রাবণের পুতুলে অগ্নিসংযোগ করে জেলা পুলিশ সুপার ধৃতিমান সরকার। কিন্তু অন্যান্য বারের মতো এ দিন রাবণের ১০টি মাথা সশব্দে ফাটেনি বলে দর্শকরা কিছুটা হতাশও হয়েছিল। উদ্যোক্তারা এজন্য অতিরিক্ত বৃষ্টিকেই দায়ী করেছে। ছিল বিধায়ক দীনেন রায়, মহকুমাশাসক পাতিল যোগেশ অশোক রাও, পুরপ্রধান কল্যাণী ঘোষ, ডাঃ দীপক কুমার দাশগুপ্ত ও হেমা চৌবে। দশেরা উৎসব কমিটির সভাপতি প্রদীপ সরকার বলে, 'খড়্গপুরের এই রাবণ দহন অনুষ্ঠান দেখতে শুধু জেলার নয়, পড়শি রাজ্যের হাজার হাজার মানুষ হাজির হয়। রাবণবধ অনুষ্ঠান উপলক্ষ্যে আগেই শুভেচ্ছাবার্তা পাঠিয়েছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। রাবণপোড়া খড়্গপুর শহরের ১০০ বছরের ঐতিহ্য। জেলার মানুষের আবেগ এই উৎসবের সঙ্গে জড়িয়ে রয়েছে।' এদিন শহরের বিভিন্ন প্রান্ত থেকে একাধিক আখাড়া কমিটি মিছিল করে রাবণপোড়া ময়দানে পৌঁছোয়। দশেরা কমিটির তরফে কমিটিগুলিকে পুরস্কৃত করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯২৫ সাল থেকে এই উৎসব হয়ে আসছে।

# দুর্গা কার্নিভালে কেন শুধু তৃণমূলনেতাদের আমন্ত্রণ, প্রশ্ন কংগ্রেসের

**নিজস্ব সংবাদদাতা, বর্ধমান :** বর্ধমানে দুর্গা কার্নিভালে কেন শুধুই শাসকদলের নেতা, বিধায়ক, পদাধিকারীদের আমন্ত্রণ? কেন সরকারি এই কর্মসূচীতে অন্যান্য রাজনৈতিক দলের নেতাদের আমন্ত্রণ জানানো হয় না? এবার এই প্রশ্ন তুলল পূর্ব বর্ধমান ইনটাক জেলা সভাপতি গৌরব সমাদ্দার। শুক্রবার জেলাশাসকের কাছে ই-মেলে তিনি এব্যাপারে অভিযোগও দায়ের করেছেন। গৌরব সমাদ্দার জানিয়েছেন, '৩ বছরে পা দিল বর্ধমানের এই দুর্গা তথা মা কার্নিভাল। কিন্তু দেখা যাচ্ছে, এই কার্নিভালে শুধুমাত্র শাসকদলের কেষ্ট বিষ্টুদের আমন্ত্রণ জানানো হয়। অথচ এই কার্নিভাল অনুষ্ঠিত হচ্ছে সরকারি পৃষ্ঠপোষকতায়। সেক্ষেত্রে কেন সব রাজনৈতিক দলকেই এই আমন্ত্রণ জানানো হয় না?' তবে, এব্যাপারে প্রশাসনের তরফে কোনো উত্তর মেলেনি।


**CHANGE OF NAME**

আমি, RABIN NASKAR, পিতা : শৈলেন্দ্র নাথ নস্কর, ঠিকানা : রঘুনাথপুর, পো: অ: বীরেশ্বরপুর, থানা : মন্দির বাজার (দ: ২৪ পরগনা) জানাচ্ছি গত ১৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে আলিপুর কোর্টে ১ম শ্রেনির ম্যাজিস্ট্রেটের এফিডেভিট বলে RABINDRA NASKAR ও NASKAR RABIN থেকে RABIN NASKAR হয়েছি। RABIN NASKAR, RABINDRA NASKAR ও NASKAR RABIN একই ব্যক্তি।

**KHIRAI GRAM PANCHAYAT**
**PINGLA : PASCHIM MEDINIPUR**
NOTICE INVITING e-TENDER
**NIT No. : WB/PMZP/PINGLA/KHIRAI/2025-26/APAS/007**
The Pradhan, Khirai Gram Panchayet invites tenders through e-Tendering for 13 nos. work under Pingla Block. Intending bidders may access detailed information & respond from e-procurement portal of Government of West Bengal at https://www.wbtenders.gov.in On and From 04.10.2025 at 16.00 hrs. to 30.10.2025 at 12.00 hrs.

Sd/- Pradhan
Khirai Gram Panchayat

**কেকল্পনা ইন্ডাস্ট্রিজ (ইন্ডিয়া) লিমিটেড**
CIN : L19202WB1985PLC039431
রেজিস্টার্ড অফিস : ভাষা, নং- ১৪, পোঃ ও থানা- বিষ্ণুপুর, ডায়মন্ডহারবার রোড, দক্ষিণ ২৪ পরগনা- ৭৪৩৫০৩, পশ্চিমবঙ্গ
ফোন : +৯১-০৩৩-৪০৬৪ ৭৮৪৩
ই-মেল : kolkata@kkalpana.co.in, ওয়েবসাইট : www.kkalpanagroup.com

**০৬.০১.২০২৬ তারিখ অবধি ফিজিক্যাল শেয়ারগুলির হস্তান্তর অনুরোধের বিষয়ে পুনর্নিয়োগের জন্য স্পেশাল উইন্ডো**

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি সার্কুলার সেবি/এইচও/এমআইআরএসডি/এমআইআরএসডি-পিওডি/পি/সিআইআর/২০২৫/৯৭ তারিখ ২ জুলাই, ২০২৫ অনুসারে বিনিয়োগকারীদের বিনিয়োগ সহজ করার জন্য কেবলমাত্র ট্রান্সফার ডিডগুলির পুনর্নিয়োগের জন্য, যেগুলি ১ এপ্রিল ২০১৯ তারিখের ডেড লাইনের আগে লজ করা হয়েছিল এবং সেগুলি নথিসমূহ/পদ্ধতি/অথবা অন্যান্য কোনো বিষয়ে কমতি থাকার জন্য বাতিল/ফেরত/ গ্রহণ করা না হওয়ায় কোম্পানি একটি বিশেষ উইন্ডো খুলেছে। **এই বিশেষ উইন্ডোটি ৭ জুলাই ২০২৫ তারিখ থেকে ৬ জানুয়ারি ২০২৬ তারিখ অবধি খোলা থাকবে। মালিকানা নিয়ে কোনো বিরোধ না থাকলে ফিজিক্যাল শেয়ার হস্তান্তরের জন্য আইনত বৈধ ও সম্পূর্ণ নথি পুনর্নিয়োগের বিষয়ে বিবেচনা করা হবে।** বিনিয়োগকারীরা ৬ জানুয়ারি ২০২৬ তারিখ অবধি কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) এর আছে তাঁদের অনুরোধ জমা দিতে পারেন।
আরটিএ এর বিশদ নিম্নরূপ :
সি.বি. ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড
রেজি. অফিস : সি-১০১, ০১ তল, ২৪৭ পার্ক, এল.বি.এস. মার্গ, ভিখরোলি (পশ্চিম), মুম্বই- ৪০০০৮৩
কলকাতা শাখার ঠিকানা : রাসোই কোর্ট, ৫ম তল, ২০, স্যার আর. এন. মুখার্জি রোড, কলকাতা- ৭০০০০১
ফোন : ০৩৩ ৬৯০৬-৬২০০ (১০০ লাইন্স)
ফ্যাক্স : ০৩৩ ৪০১১ ৬৭৩৯
ই-মেল : rta@cbmsl.com
এই পর্বের মধ্যে, স্থানান্তরের জন্য পুনরায় জমা দেওয়া সিকিওরিটিগুলি শুধুমাত্র ডি-ম্যাট মোডে জারি করা হবে। আরটিএ-তে হস্তান্তর অনুরোধ পুনরায় জমা দেওয়ার সময় বিনিয়োগকারীদের একটি ডি-ম্যাট অ্যাকাউন্ট থাকতে হবে এবং স্থানান্তর করার নথি ও শেয়ার সার্টিফিকেট সহ তার ক্লায়েন্ট মাস্টার লিস্ট ('সিএমএল') প্রদান করতে হবে। এই ধরনের ট্রান্সফার-কাম-ডিম্যাট অনুরোধের জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হবে।
**আমরা পুনর্ব্যক্ত করছি যে, কেবলমাত্র সেইসব ক্ষেত্রেই পুনর্নিয়োগ অনুমোদিত হবে যেখানে ১ এপ্রিল, ২০১৯ তারিখের আগে ফিজিক্যাল শেয়ারগুলির জন্য ট্রান্সফার ডিড দাখিল করা হয়েছিল এবং নথিপত্র/প্রক্রিয়া/অথবা অন্য কোনো কারণে কমতি থাকায় তা বাতিল/ ফেরত/গ্রহণ করা হয়নি।**
তারিখ : ০৩.১০.২০২৫
স্থান : কলকাতা

**কেকল্পনা প্লাস্টিক লিমিটেড**
CIN : L25200WB1989PLC047702
রেজিস্টার্ড অফিস : ১২, ড. ইউ. এন. ব্রহ্মচারী স্ট্রীট, মারুতি বিল্ডিং, পঞ্চম তল, ফ্ল্যাট নং-৫এফ, কলকাতা-৭০০০১৭, টেলিফোন : +৯১-০৩৩-৪০০৩ ০৬৭৪
ই-মেল : kolkata@kkalpanaplastick.co.in, ওয়েবসাইট : www.kkalpanaplastick.com

**০৬.০১.২০২৬ তারিখ অবধি ফিজিক্যাল শেয়ারগুলির হস্তান্তর অনুরোধের বিষয়ে পুনর্নিয়োগের জন্য স্পেশাল উইন্ডো**

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি সার্কুলার সেবি/এইচও/এমআইআরএসডি/এমআইআরএসডি-পিওডি/পি/সিআইআর/২০২৫/৯৭ তারিখ ২ জুলাই, ২০২৫ অনুসারে বিনিয়োগকারীদের বিনিয়োগ সহজ করার জন্য কেবলমাত্র ট্রান্সফার ডিডগুলির পুনর্নিয়োগের জন্য, যেগুলি ১ এপ্রিল ২০১৯ তারিখের ডেড লাইনের আগে লজ করা হয়েছিল এবং সেগুলি নথিসমূহ/পদ্ধতি/অথবা অন্যান্য কোনো বিষয়ে কমতি থাকার জন্য বাতিল/ফেরত/ গ্রহণ করা না হওয়ায় কোম্পানি একটি বিশেষ উইন্ডো খুলেছে। **এই বিশেষ উইন্ডোটি ৭ জুলাই ২০২৫ তারিখ থেকে ৬ জানুয়ারি ২০২৬ তারিখ অবধি খোলা থাকবে। মালিকানা নিয়ে কোনো বিরোধ না থাকলে ফিজিক্যাল শেয়ার হস্তান্তরের জন্য আইনত বৈধ ও সম্পূর্ণ নথি পুনর্নিয়োগের বিষয়ে বিবেচনা করা হবে।** বিনিয়োগকারীরা ৬ জানুয়ারি ২০২৬ তারিখ অবধি কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ") এর আছে তাঁদের অনুরোধ জমা দিতে পারেন।
**আরটিএ এর বিশদ নিম্নরূপ :**
সি.বি. ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড
রেজি. অফিস : সি-১০১, ০১ তল, ২৪৭ পার্ক, এল.বি.এস. মার্গ, ভিখরোলি (পশ্চিম), মুম্বই- ৪০০০৮৩
কলকাতা শাখার কার্যালয়ের ঠিকানা : রাসোই কোর্ট, ৫ম তল, ২০, স্যার আর. এন. মুখার্জি রোড, কলকাতা- ৭০০০০১
ফোন : ০৩৩ ৬৯০৬-৬২০০
ফ্যাক্স : ০৩৩ ৪০১১ ৬৭৩৯
ই-মেল : rta@cbmsl.com
এই পর্বের মধ্যে, স্থানান্তরের জন্য পুনরায় জমা দেওয়া সিকিওরিটিগুলি শুধুমাত্র ডি-ম্যাট মোডে জারি করা হবে। আরটিএ-তে হস্তান্তর অনুরোধ পুনরায় জমা দেওয়ার সময় বিনিয়োগকারীদের একটি ডি-ম্যাট অ্যাকাউন্ট থাকতে হবে এবং স্থানান্তর করার নথি ও শেয়ার সার্টিফিকেট সহ তার ক্লায়েন্ট মাস্টার লিস্ট ('সিএমএল') প্রদান করতে হবে। এই ধরনের ট্রান্সফার-কাম-ডিম্যাট অনুরোধের জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হবে।
**আমরা পুনর্ব্যক্ত করছি যে, কেবলমাত্র সেইসব ক্ষেত্রেই পুনর্নিয়োগ অনুমোদিত হবে যেখানে ১ এপ্রিল, ২০১৯ তারিখের আগে ফিজিক্যাল শেয়ারগুলির জন্য ট্রান্সফার ডিড দাখিল করা হয়েছিল এবং নথিপত্র/প্রক্রিয়া/অথবা অন্য কোনো কারণে কমতি থাকায় তা বাতিল/ফেরত/গ্রহণ করা হয়নি।**
তারিখ : ০৩.১০.২০২৫
স্থান : কলকাতা